গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আঞ্চলিক পরিচালকের কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর।
www.rdo.rangpurdiv.gov.bd

স্মারক নং-৫৭.০৩.৮৫৪৯.১০১.৪০.০২৫.২১-৪৯২ তারিখ ঃ ০৪/১২/২০২৫ খ্রি.

বিষয় ঃ ২০২৫-২০২৬ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট প্রসংগে।

সূত্র ঃ (১) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক-৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৫-৩১৬ তারিখ ২৯ অক্টোবর, ২০২৫ খ্রি.
(২) কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক-৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৫-৩১৮ তারিখ ১০ নভেম্বর, ২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর আঞ্চলিক কার্যালয়ের অধিক্ষেত্রাধীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের ২০২৫-২৬ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি এবং বিদ্যমান শিক্ষার্থীর তথ্য আপডেট করার বিষয়ে অধিদপ্তরের সূত্রোক্ত পত্রদ্বয়ের মাধ্যমে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। কিন্তু অধিকাংশ সরকারি/বেসরকারি এসএসসি/দাখিল (ভোকেশনাল)/ এইচএসসি (বিএমটি)/পলিটেকনিক ইন্সটিটিউটসমূহ কনফিগারেশনে সঠিকভাবে সংশ্লিষ্ট পর্ব/শ্রেণির মোট ছাত্র-ছাত্রী, সক্রিয় ভাতা ভোগী ছাত্র-ছাত্রী + নতুন এন্ট্রিযোগ্য ছাত্র-ছাত্রীর সংখ্যা পর্ব/শ্রেণির ফলাফল (জিপিএপ্রাপ্ত) পর্যালোচনা না করে এবং নিয়মিত অধ্যয়নরত শিক্ষার্থীর কনফিগারেশনে আপডেট তথ্য আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে অধিদপ্তরের অনুমোদন ব্যতিরেকেই নতুন এন্ট্রিকৃত ছাত্র-ছাত্রীদের নামের তালিকা আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করতেছে, যা গ্রহণযোগ্য নয়।

৩। সংশ্লিষ্ট শ্রেণি/পর্বের বোর্ড অনুমোদিত মোট আসনের ভিত্তিতে ছাত্র-ছাত্রী গণনা করা যাবে না। সংশ্লিষ্ট শ্রেণি/পর্বের ভর্তিকৃত নিয়মিত ছাত্র-ছাত্রীদের গণনা করে কনফিগারেশনে এন্ট্রি করতে হবে। এভাবেই মোট ছাত্র-ছাত্রীর পরিসংখ্যান উপজেলা, জেলা, বিভাগ, কেন্দ্রীয়ভাবে অটো জেনারেটেড হয়ে থাকে এবং কারিগরি শিক্ষায় অধ্যয়নরত শিক্ষার্থীদের পরিসংখ্যান পাওয়া যায়।

৪। <u>পর্ব/শ্রেণি প্রমোশনের জন্য কারা বৃত্তি পাবে/পাবে না।</u>

(ক) দশম শ্রেণির বৃত্তির জন্য নবম শ্রেণির নিয়মিত পরিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণগন নীতিমালার অন্যান্য শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে বৃত্তির জন্য বিবেচনা করা যাবে। অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী এবং রেফার্ডপ্রাপ্ত (এক বা দুই বিষয়ে) ছাত্র-ছাত্রী বৃত্তি পাবে না। অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে নবম শ্রেণির পরীক্ষায় উত্তীর্ণ হলে, তাকে দশম শ্রেণির মোট শিক্ষার্থী হিসেবে গণনাযোগ্য হবে, কিন্তু সক্রিয় + নতুন এন্ট্রিযোগ্য শিক্ষার্থী হিসেবে বৃত্তি প্রাপ্তির জন্য বিবেচনা করা যাবে না/বৃত্তি পাবে না। সক্রিয় ভাতাভোগী ছাত্র-ছাত্রী + নতুন এন্ট্রিযোগ্য ছাত্র-ছাত্রী একত্রে কোনভাবেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী মোট উত্তীর্ণদের (জিপিএপ্রাপ্ত) অধিক হবে না।

(খ) দ্বাদশ শ্রেণির বৃত্তির জন্য একাদশ শ্রেণির নিয়মিত শিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে সকল বিষয়ে উত্তীর্ণ (জিপিএপ্রাপ্ত) শিক্ষার্থীগণ নীতিমালার অন্যান্য শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে বৃত্তির জন্য বিবেচনা করা যাবে। অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী এবং রেফার্ডপ্রাপ্ত (এক বা দুই বিষয়ে) ছাত্র-ছাত্রী বৃত্তি পাবে না। একাদশ শ্রেণিতে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে, সে মোট শিক্ষার্থীর ক্ষেত্রে গণনাযোগ্য হবে কিন্তু সক্রিয় + নতুন এন্ট্রিযোগ্য শিক্ষার্থী হিসেবে বৃত্তি প্রাপ্তির জন্য বিবেচনা করা যাবে না/বৃত্তি পাবে না। সক্রিয় ভাতাভোগী ছাত্র-ছাত্রী + নতুন এন্ট্রিযোগ্য ছাত্র-ছাত্রী একত্রে কোনভাবেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী মোট উত্তীর্ণদের (জিপিএপ্রাপ্ত) অধিক হবে না।

(গ) ২য়, ৪র্থ, ষষ্ঠ ও ৮ম পর্বের শ্রেণির বৃত্তির জন্য পূর্ববর্তী ১ম/৩য়/৫ম/৭ম শ্রেণির নিয়মিত শিক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে সকল বিষয়ে উত্তীর্ণ (জিপিএপ্রাপ্ত) শিক্ষার্থীগণ নীতিমালার অন্যান্য শর্তাবলি প্রতিপালন সাপেক্ষে বৃত্তির জন্য বিবেচনা করা যাবে। অনিয়মিত পরিক্ষার্থী হিসেবে উত্তীর্ণ ছাত্র-ছাত্রী এবং রেফার্ডপ্রাপ্ত (এক বা দুই বিষয়ে) ছাত্র-ছাত্রী বৃত্তি পাবে না। অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলে, সে মোট শিক্ষার্থীর ক্ষেত্রে গণনাযোগ্য হবে কিন্তু সক্রিয় + নতুন এন্ট্রিযোগ্য শিক্ষার্থী হিসেবে বৃত্তি প্রাপ্তির জন্য বিবেচনা করা যাবে না/বৃত্তি পাবে না। সক্রিয় ভাতাভোগী ছাত্র-ছাত্রী + নতুন এন্ট্রিযোগ্য ছাত্র-ছাত্রী একত্রে কোনভাবেই নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণকারী মোট উত্তীর্ণদের (জিপিএপ্রাপ্ত) অধিক হবে না।

৫। কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১নং সূত্রোক্ত পত্রের বিজ্ঞপ্তি মোতাবেক বৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের নামের তালিকাসহ বাছাই কমিটির সুপারিশ এবং প্রতিষ্ঠানের প্যাডে মহাপরিচালক মহোদয় বরাবরে ফরওয়ার্ডিসহ (দুই সেট) জমা দেয়নি /কনফিগারেশনে সংশ্লিষ্ট পর্ব/শ্রেণির ছাত্র-ছাত্রীর সঠিক তথ্য প্রদান করেননি/ প্রতিষ্ঠানের আপডেট তথ্য অনুমোদন না নিয়ে যে সকল প্রতিষ্ঠান নতুন এন্ট্রিকৃত শিক্ষার্থীদের নামের তালিকা প্রেরণ করবে, সে সকল প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের প্রেরিত নামের তালিকা অত্র কার্যালয় থেকে অনুমোদন করে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করা হবে না।

৬। এমতাবস্থায়, কারিগরি শিক্ষা অধিদপ্তরের ১নং সূত্রোক্ত পত্রের নোটিশ, ২নং সুত্রোক্ত পত্র মোতাবেক ডাটা এন্ট্রি সংক্রান্ত গাইড লাইন, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা, ২০২৩, বিভিন্ন শ্রেণি/পর্বের ফলাফল যাচাই-বাছাই ও কনফিগারেশনে শিক্ষার্থীর সঠিক তথ্য আপডেট করে আগামী ০৮/১২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে কনফিগারেশন তথ্য আপডেট অনুমোদন নিয়ে নতুন এন্ট্রিকৃত শিক্ষার্থীর তালিকা আঞ্চলিক অফিসে জমাদানের জন্য অনুরোধ করা হলো। বিষয়টি অতীব জরুরী।

৭। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের গাফিলতি/অবহেলার কারণে কোন শিক্ষার্থীর বৃত্তি প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হলে/বৃত্তি না পেলে এজন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৪/১২/২০২৫

(খন্দকার মোঃ নাহিদ হাসান)
পরিচালক (উপসচিব)
মোবা. ০১৭১২-৭৪৪০৯৪

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অধ্যক্ষ (সকল), সরকারি পলিটেকনিক ইন্সটিটিউট, রংপুর বিভাগ।
২। অধ্যক্ষ (সকল), সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, রংপুর বিভাগ।
৩। অধ্যক্ষ (সকল), এটিআই।
৪। অধ্যক্ষ (সকল), সরকারি কলেজ (সংযুক্ত বিএমটি শাখা)।
৫। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইন্সটিটিউট/কৃষি কলেজ।
৬। অধ্যক্ষ (সকল) বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র বিএমটি কলেজ/ইন্সটিটিউট।
৭। প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট (সকল), স্বতন্ত্র/সংযুক্ত ভোকেশনাল শাখা পরিচালনাকারী প্রতিষ্ঠান।

স্মারক নং-৫৭.০৩.৮৫৪৯.১০১.৪০.০২৫.২১-৪৯২ তারিখ ঃ ০৪/১২/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ-

১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
২। পরিচালক (প্রশাসন/পিআইডব্লিউ/পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক (সকল), রংপুর বিভাগ।
৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), রংপুর বিভাগ, রংপুর।
৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা (আইসিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪/১২/২০২৫

(খন্দকার মোঃ নাহিদ হাসান)
পরিচালক (উপসচিব)
e-mail : rdodterangpur@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭
web-www.techedu.gov.bd
E-mail- Stipend.dte@gmail.com

স্মারক নং-৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৫-৩১৮

তারিখ- ১০ নভেম্বর,২০২৫ খ্রি.

বিষয়ঃ উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করার বিষয়ে গাইড লাইন প্রদান সংক্রান্ত ।

উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট করার বিষয়ে গাইড লাইন অনুসরন করার জন্য DTE Stipend MIS এ অন্তর্ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হলো।

## ডাটা এন্ট্রি সংক্রান্ত গাইড লাইনঃ

**ইউজার নেম রেজিস্ট্রেশন ও এপ্রুভাল সংক্রান্তঃ**

১. প্রতিষ্ঠানের ইউজার আইডি, পাসওয়ার্ড ও ক্যাপচা ব্যবহার করে লগ ইন করুন।

২. রেজিস্ট্রেশনের জন্য একটি ফর্ম স্ক্রিনে আসবে সেখানে প্রয়োজনীয় তথ্য পূরণ করতে হবে। ইউজার নেম অবশ্যই BTEB ৬ সংখ্যার প্রতিষ্ঠান কোড হতে হবে। প্রতিষ্ঠানের EIIN বাধ্যতামূলকভাবে দিতে হবে।

৩. প্রতিষ্ঠান প্রধানের NID Number (১৭ অথবা ১০ ডিজিট) নির্ধারিত ঘরে টাইপ করতে হবে। জন্ম তারিখ ক্যালেন্ডারের মাধ্যমে নির্ধারণ করতে হবে। খুঁজুন অথবা সার্চ বাটনে ক্লিক করতে হবে। প্রতিষ্ঠান প্রধানের বাংলা ও ইংরেজিতে নাম স্বয়ক্রিয়ভাবে প্রদর্শিত হবে।

৪. প্রতিষ্ঠান প্রধানের সক্রিয় মোবাইল নং দিতে হবে যেখানে শুধুমাত্র OTP প্রবেশ করবে।

৫. সকল তথ্য সঠিকভাবে দেওয়ার পর সংরক্ষণ বাটনে ক্লিক করতে হবে। এরপর অনুমোদনের অপেক্ষায় আছে এ ধরনের ম্যাসেজ প্রদর্শিত হবে। কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে অনুমোদন হলে পরবর্তীতে লগ ইন করায় OTP চাইবে যা ইউজার নেম রেজিস্ট্রেশনের সময় দেওয়া মোবাইল নম্বরে পাওয়া যাবে। প্রদর্শিত OTP টাইপ করে লগ ইন করতে হবে যা DTE Stipend MIS এর মূল স্ক্রিনে নিয়ে যাবে।

৬.ইউজার নেম রেজিস্ট্রেশনের ৪৮ ঘন্টা পর লগ ইন করলে যদি OTP না চায় এবং লগ ইন করলে OTP না চেয়ে যদি পূর্বের রেজিস্ট্রেশন ফর্মে ফিরে যায় এবং Your Application has been rejected due to inaccurate/incomplete information. Kindly make the necessary corrections as per the comments and resubmit your application/ তথ্য যথাযথ না থাকায় আপনার আবেদনটি বাতিল করা হয়েছে। মন্তব্য অনুযায়ী সংশোধন করে পুনরায় আবেদন সাবমিট করুন।

**কনফিগারেশনের তথ্য আপডেটঃ**

মৌলিক তথ্য আপডেটঃ

১.মৌলিক তথ্য আপডেটে সকল তথ্য সঠিকভাবে প্রদান করুন । ইউজার নেম অবশ্যই বিটিইবি ৬ সংখ্যার প্রতিষ্ঠান কোড হবে।

২. শিক্ষা প্রতিষ্ঠানের ধরণ নির্বাচন করতে হবে।

৩. একাডেমিক স্তর নির্বাচন করতে হবে। সর্বোচ্চ এসএসসি কোর্স চালু থাকলে মাধ্যমিক/ দাখিল নির্বাচন করুন। সর্বোচ্চ এইচএসসি চালু থাকলে উচ্চ মাধ্যমিক/ আলিম নির্বাচন করুন। ডিপ্লোমা কোর্স চালু থাকলে ডিপ্লোমা নির্বাচন করুন।

৪. লিগ্যাল স্ট্যাটাস নির্বাচন করুন।

৫. প্রতিষ্ঠান শিক্ষার্থীর ধরণ নির্বাচন করতে হবে।

৬. বোর্ড "বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড" নির্বাচন করতে হবে।

৭. কারিকুলাম বক্সে কোনো তথ্য প্রদর্শিত হলে তা মাউস দিয়ে ক্রস চিহ্নিত অংশে ক্লিক করে মুছে ফেলতে হবে। এরপর প্রতিষ্ঠানে যে সকল কারিকুলাম চালু আছে তা এক এক করে নির্বাচন করতে হবে।

৮. ট্রেড/টেকনোলজি বক্সে কোনো তথ্য থাকলে তা মাউস দিয়ে ক্রস চিহ্নিত অংশে ক্লিক করে মুছে ফেলতে হবে। এরপর প্রতিষ্ঠানে যে সকল ট্রেড/টেকনোলজি চালু আছে তা এক এক করে নির্বাচন করতে হবে।

৯. এ বাদে যদি আরও কোন তথ্য প্রদান করতে হয় তবে তা প্রদান করে উপরের ডানে কোণায় সংরক্ষণ/সেভ বাটনে ক্লিক করে সংরক্ষণ কাজ সম্পন্ন করতে হবে।

**শিক্ষার্থী তথ্যঃ**

একেবারে নতুন শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ

১. শ্রেণি/পর্ব ভিত্তিক ভর্তিকৃত ছাত্র সংখ্যার ঘরে পূর্বের সংখ্যা মুছে নিয়ে নতুন সংখ্যা এন্ট্রি করতে হবে। একইভাবে ভর্তিকৃত ছাত্রী সংখ্যার ঘরে এবং একইভাবে ভর্তিকৃত তৃতীয় লিঙ্গ সংখ্যার ঘর পূরণ করলে মোট শিক্ষার্থীর সংখ্যা স্বয়ক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে। এমতাবস্থায় সক্রিয় ছাত্র/ছাত্রী/ তৃতীয় লিঙ্গের ঘর ০ দেখাবে।

২. এন্ট্রিযোগ্য ছাত্র সংখ্যা হবে মোট ছাত্র সংখ্যার সর্বোচ্চ ১০০%। তবে উপবৃত্তি প্রাপ্তির তিনটি শর্ত যা নির্দেশিকা -২০২৩ এ উল্লেখ করা আছে তা পুরণ না করলে অবশ্যই এন্ট্রিযোগ্য ছাত্র সংখ্যা মোট ছাত্র সংখ্যার কম হবে কোনোভাবেই বেশি লেখা যাবে না। একইভাবে এন্ট্রিযোগ্য ছাত্রী/মোট তৃতীয় লিঙ্গ সংখ্যা হবে মোট ছাত্রী/মোট তৃতীয় লিঙ্গ সংখ্যার সর্বোচ্চ ১০০%। তবে উপবৃত্তি প্রাপ্তির তিনটি শর্ত যা নির্দেশিকা -২০২৩ এ উল্লেখ করা আছে তা পুরণ না করলে অবশ্যই এন্ট্রিযোগ্য ছাত্রী/ তৃতীয় লিঙ্গ সংখ্যা মোট ছাত্রী/মোট তৃতীয় লিঙ্গ সংখ্যার কম হবে কোনোভাবেই বেশি লেখা যাবে না। এন্ট্রিযোগ্য ছাত্র/ ছাত্রী/ তৃতীয় লিঙ্গ সংখ্যা এন্ট্রি সম্পন্ন হলে মোট এন্ট্রিযোগ্য শিক্ষার্থী সংখ্যা স্বয়ক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে। প্রতিক্ষেত্রে পূর্বের সংখ্যা মুছে নিয়ে নতুন সংখ্যা এন্ট্রি করতে হবে।

৩. সকল ঘর পূরণ করার পর উপরের ডানে কোণায় সংরক্ষণ/সেভ বাটনে ক্লিক করে সংরক্ষণ কাজ সম্পন্ন করতে হবে।

**পুরাতন (যারা ইতোমধ্যে উপবৃত্তি পাচ্ছে) শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রেঃ**

১. যে সকল শ্রেণি/পর্বে পূর্বে উপবৃত্তি প্রদান করা হয়েছে সে সকল শ্রেণি/পর্বের সকল শিক্ষার্থীকে নিস্ক্রিয় করতে হবে। এরপর প্রযোজ্য ক্ষেত্রে বেনিফিসিয়ারি তথ্য আপডেটে যেয়ে শিক্ষার্থীর ধর্ম, পেশা-ছাত্র নির্ধারণ করতে হবে। জন্মস্থান টাইপ করে দিতে হবে।

২. এরপর শ্রেণি/পর্ব প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তন করে টেকনোলজি সিলেক্ট করে সংরক্ষণ করতে হবে। যে সকল শিক্ষার্থীর তথ্য আপডেট করা হচ্ছে তাদের শিক্ষার্থী DTE Stipend MIS ID লিখে রেখে আবার বেনিফিসিয়ারি স্ট্যাটাস আপডেটে যেয়ে উপবৃত্তিযোগ্য শিক্ষার্থী নিস্ক্রিয় থেকে সক্রিয় করে আপডেট বাটনে ক্লিক করে সক্রিয় করতে হবে। এভাবে একএক করে উপবৃত্তিযোগ্য সকল শিক্ষার্থীর তথ্য আপডেট ও সক্রিয় করতে হবে। যতজন শিক্ষার্থীকে সক্রিয় করা হবে ততজন ছাত্র/ছাত্রী/তৃতীয় লিঙ্গ সক্রিয় ছাত্র/ছাত্রী/ তৃতীয় লিঙ্গের ঘরে তত সংখ্যা দেখাবে। যে সকল শিক্ষার্থী উপবৃত্তি পাবে না তাদের অবশ্যই নিস্ক্রিয় রাখতে হবে।

৩. এবার শ্রেণি/পর্ব ভিত্তিক ভর্তিকৃত ছাত্র সংখ্যার ঘরে পূর্বের সংখ্যা মুছে নিয়ে নতুন সংখ্যা এন্ট্রি করতে হবে। একইভাবে ভর্তিকৃত ছাত্রী সংখ্যার ঘরে এবং একইভাবে ভর্তিকৃত তৃতীয় লিঙ্গ সংখ্যার ঘর পূরণ করলে মোট শিক্ষার্থীর সংখ্যা স্বয়ক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে।

৪. এন্ট্রিযোগ্য ছাত্র সংখ্যা হবে (মোট ছাত্র সংখ্যার সর্বোচ্চ ১০০% - সক্রিয় ছাত্র সংখ্যা)। তবে উপবৃত্তি প্রাপ্তির তিনটি শর্ত যা নির্দেশিকা -২০২৩ এ উল্লেখ করা আছে তা পুরণ না করলে অবশ্যই এন্ট্রিযোগ্য ছাত্র সংখ্যা মোট ছাত্র সংখ্যার কম হবে কোনোভাবেই বেশি লেখা যাবে না। একইভাবে এন্ট্রিযোগ্য ছাত্রী/ তৃতীয় লিঙ্গ সংখ্যা হবে (মোট ছাত্রী/ তৃতীয় লিঙ্গ সংখ্যার সর্বোচ্চ ১০০%- সক্রিয় ছাত্রী/ তৃতীয় লিঙ্গ সংখ্যা)। তবে উপবৃত্তি প্রাপ্তির তিনটি শর্ত যা নির্দেশিকা -২০২৩ এ উল্লেখ করা আছে তা পুরণ না করলে অবশ্যই এন্ট্রিযোগ্য ছাত্রী/ তৃতীয় লিঙ্গ সংখ্যা মোট ছাত্রী/তৃতীয় লিঙ্গ সংখ্যার কম হবে কোনোভাবেই বেশি লেখা যাবে না। এন্ট্রিযোগ্য ছাত্র/ ছাত্রী/ তৃতীয় লিঙ্গ সংখ্যা এন্ট্রি সম্পন্ন হলে মোট এন্ট্রিযোগ্য শিক্ষার্থী সংখ্যা স্বয়ক্রিয়ভাবে পূরণ হয়ে যাবে। প্রতিক্ষেত্রে পূর্বের সংখ্যা মুছে নিয়ে নতুন সংখ্যা এন্ট্রি করতে হবে।

৫. সকল ঘর পূরণ করার পর উপরের ডানে কোণায় সংরক্ষণ/সেভ বাটনে ক্লিক করে সংরক্ষণ কাজ সম্পন্ন করতে হবে।

ঠিকানাঃ

১.বিভাগ, জেলা, উপজেলা, ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/ সিটি কর্পোরেশন নির্বাচন করতে হবে। ঠিকানার ঘরে পূর্ণ ঠিকানা লিখতে হবে প্রতিষ্ঠানের।

২. সকল ঘর পুরণ করার পর উপরের ডান কোনায় সংরক্ষণ/সেভ বাটনে ক্লিক করে সংরক্ষণ কাজ সম্পন্ন করতে হবে।

পেমেন্টঃ

১. এ ক্ষেত্রে প্রতিষ্ঠানের ব্যাংক হিসাবের তথ্য এন্ট্রি করে সেভ দিতে হবে।

সংযুক্তিঃ

১. একেবারে নতুন প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রতিষ্টানের অনুমোদন,পাঠদানের অনুমতি, ট্রেড/টেকনোলজি সংযোজনের অনুমোদনের স্ক্যান পত্র পিডিএফ ফরম্যাটে আপলোড করে উপরের ডানে কোণায় সংরক্ষণ/সেভ বাটনে ক্লিক করে সংরক্ষণ কাজ সম্পন্ন করতে হবে।

সকল কাজ সম্পন্ন হওয়ার পর কারিগরি শিক্ষা অধিদপ্তর হতে কনফিগারেশন তথ্য আপডেট অনুমোদন করা হলে সকল পরিবর্তিত/ এন্ট্রিকৃত তথ্য দেখা যাবে।

নতুন শিক্ষার্থী এন্ট্রিঃ

১. প্রাথমিক নির্বাচন মেন্যুর অধীন নতুন শিক্ষার্থী এন্ট্রিতে ক্লিক করলে নতুন শিক্ষার্থী তথ্য এন্ট্রি ফর্ম প্রদর্শিত হবে।

২. শিক্ষার্থীর জন্মনিবন্ধন নং এন্ট্রি করে জন্ম তারিখ ক্যালেন্ডার থেকে নির্ধারণ করে দিয়ে সার্চ/খুঁজুন বাটনে ক্লিক করতে হবে। শিক্ষার্থীর জন্ম নিবন্ধন ডিজিটালি ভেরিফাইড হলে নাম বাংলা ও ইংরেজিতে স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। আর জন্ম নিবন্ধন ডিজিটালি ভেরিফাইড না হলে নিবন্ধিত না হওয়ার ম্যাসেজ দিবে। যদি বাংলা ও ইংরেজি নাম হবহ এক না হয় তবে কাউন্সিলর অফিস হতে ডিজিটালি ভেরিফাইড ও নাম সংশোধন করে নিতে হবে।

৩. পিতার এনআইডি নং ১৭ অথবা ১০ ডিজিটের এন্ট্রি করে জন্ম তারিখ ক্যালেন্ডার থেকে নির্ধারণ করে দিয়ে সার্চ/খুঁজুন বাটনে ক্লিক করতে হবে। পিতার এনআইডি ডিজিটালি ভেরিফাইড হলে নাম বাংলা ও ইংরেজিতে স্বয়ংক্রিয়ভাবে প্রদর্শিত হবে। আর ডিজিটালি ভেরিফাইড না হলে নিবন্ধিত না হওয়ার ম্যাসেজ দিবে। এক্ষেত্রে পিতার এনআইডি ডিজিটালি ভেরিফাইড করার ব্যবস্থা নিতে হবে উপজেলা নির্বাচন অফিসের মাধ্যমে। পিতার নামের পাশে পিতার সক্রিয় মোবাইল নং এন্ট্রি করতে হবে। একইভাবে মাতার এনআইডির তথ্য ভেরিফাই করতে হবে এবং মাতার সক্রিয় মোবাইল নং এন্ট্রি করতে হবে।

৪. শিক্ষার্থীর ধর্ম, পেশা- ছাত্র নির্বাচন করতে হবে। ঠিকানা টাইপ করে দিতে হবে।

৫. স্থায়ী ঠিকানার ক্ষেত্রে বিভাগ,জেলা, উপজেলা, পৌরসভা/ইউনিয়ন/ সিটি কর্পোরেশন নির্বাচন করতে হবে। পোস্ট কোড ও ঠিকানা টাইপ করে দিতে হবে। বর্তমান ঠিকানার উপরের ডানপাশে একই ঠিকানা বক্সে ক্লিক করলে বর্তমান ঠিকানা স্বয়ংক্রিয়ভাবে চলে আসবে।

৬. পূর্ববর্তী শিক্ষা তথ্যে শিক্ষার্থী যে ক্লাসে অধ্যয়নরত সে ক্লাসের পূর্বের ক্লাসের তথ্য প্রদান করতে হবে। যেমন ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের ক্ষেত্রে পঞ্চম শ্রেণির তথ্য প্রদান করতে হবে একইভাবে ৭ম এর ক্ষেত্রে ৬ষ্ঠ, ৮ম এর ক্ষেত্রে ৭ম, নবম এর ক্ষেত্রে ৮ম, দশম এর ক্ষেত্রে নবম, একাদশের ক্ষেত্রে এসএসসি, দ্বাদশের ক্ষেত্রে একাদশ, প্রথম পর্বের ক্ষেত্রে এসএসসি, ২য় পর্বের ক্ষেত্রে ১ম পর্বের এভাবে অন্যান্য পর্বের তথ্য এন্ট্রি করতে হবে। এক্ষেত্রে বিভাগ, জেলা, উপজেলা, শিক্ষা প্রতিষ্ঠান( শিক্ষা প্রতিষ্ঠান ড্রপ ডাউনে প্রদর্শিত না হলে যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা যাবে), বোর্ড, উত্তীর্ণ হওয়ার বছর, পরীক্ষার নাম নির্বাচন করতে হবে। নিবন্ধন নম্বর ৫ম,৬ষ্ঠ, ৭ম, ৮ম ও নবমের ক্ষেত্রে হবে ছয় ডিজিটের ক্লাস রোল আর ফলাফল হবে ৩.০০। অন্যান্য শ্রেণি বা পর্বের ক্ষেত্রে সঠিক নিবন্ধন নং ও জিপিএ প্রদান করতে হবে।

৭. বর্তমান শিক্ষা তথ্যে একই ভাবে বিভাগ, জেলা, উপজেলা, শিক্ষা প্রতিষ্ঠান( শিক্ষা প্রতিষ্ঠান ড্রপ ডাউনে প্রদর্শিত না হলে যে কোনো শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন করা যাবে), শ্রেণি, শিফট, টেকনোলজি/ট্রেড ( ৬ষ্ঠ- ৮ম শ্রেণি যে কোনো ট্রেড নির্বাচন করা যাবে) নির্বাচন করতে হবে। ক্লাস রোল ছয় ডিজিটের এন্ট্রি করতে হবে।

৮. ভর্তি হওয়ার বছরের ক্ষেত্রে ৬ষ্ঠ থেকে দশম যে সালে ক্লাস শুরু হয়েছে সেটা হবে। আর একাদশ, দ্বাদশ ও ডিপ্লোমার ক্ষেত্রে যে সালে এসএসসি ফলাফল হয়েছে সেটা নির্ধারণ করতে হবে। সেশন স্বয়ংক্রিয়ভাবে নির্ধারিত হবে।

৯. শিক্ষার্থীর ছবি আপলোড করা বাধ্যতামূলক নয়।

১০. সকল তথ্য সঠিকভাবে পূরণ করার পর সংরক্ষণ করতে হবে।

**অভিভাবকের তথ্যঃ**

১. অভিভাবক পিতা/ মাতা নির্বাচন করলে স্বয়ংক্রিয়ভাবে পিতা/মাতার সকল তথ্য অন্যান্য ঘরে চলে আসবে আর অন্য কেউ হলে তার এনআইডি ভেরিফাই করতে হবে। সকল তথ্য সঠিকভাবে পূরণ করার পর সংরক্ষণ করতে হবে।

**শর্তাবলীঃ**

১. শর্তাবলী যেটি যার জন্য প্রযোজ্য সেটির ক্ষেত্রে প্রমানক আপলোড করতে হবে। সকল তথ্য সঠিকভাবে পূরণ করার পর সংরক্ষণ করতে হবে।

**পেমেন্টঃ**

১. পেমেন্ট মোড ব্যাংকিং/মোবাইল ব্যাংকিং সিলেক্ট করা যাবে।

ব্যাংকিং মোড সিলেক্ট করলে ব্যাংক নির্ধারণ করার পর শাখা নির্ধারণ করলে স্বয়ংক্রিয়ভাবে রাউটিং নাম্বার প্রদর্শিত হবে। হিসাবের ধরন নির্ধারণ করতে হবে। এরপর অ্যাকাউন্ট ধারীর এনআইডি নম্বর, নাম এবং হিসাব নাম্বার এন্ট্রি করে সংরক্ষণ করতে হবে।

অথবা

মোবাইল ব্যাংকিং এর ক্ষেত্রে মোবাইল সেবাদানকারী প্রতিষ্ঠান সিলেক্ট করতে হবে। স্বয়ংক্রিয়ভাবে রাইটিং নাম্বার প্রদর্শিত হবে।অ্যাকাউন্টধারীর এনআইডি নাম্বার, নাম ও যে মোবাইল নাম্বারে অ্যাকাউন্ট খোলা তা এন্ট্রি করে খুঁজুন বা সার্চ বাটনে ক্লিক করে ভেরিফাই করতে হবে। অ্যাকাউন্ট সঠিক থাকলে অ্যাকাউন্ট এর সাথে এনআইডির মিল আছে এবং অ্যাকাউন্ট সঠিক আছে এ ধরনের ম্যাসেজ দিবে আর ভেরিফাইড না হলে সঠিক নাই বলে ম্যাসেজ দিবে। মোবাইল অ্যাকাউন্ট অবশ্যই KYC ভেরিফাইড হতে হবে। এরপর সংরক্ষণ করতে হবে। শিক্ষার্থীর সকল তথ্য সংরক্ষণ হলে তা প্রাথমিক তালিকায় শিক্ষার্থী DTE Stipend MIS ID সহ প্রদর্শিত হবে এবং স্ট্যাটাস NEW Show করবে।

**শিক্ষার্থী তথ্য আপডেটঃ**

যে সকল শিক্ষার্থী পূর্বে উপবৃত্তি পেয়েছে তাদের তথ্য বেনিফিসিয়ারীতে থাকে। এ ক্ষেত্রে বেনিফিসিয়ারি তথ্য আপডেটে ক্লিক করে শিক্ষার্থী DTE Stipend MIS ID এর মাধ্যমে খুঁজে Edit চিহ্নে ক্লিক করে শিক্ষার্থীর ধর্ম, পেশা-ছাত্র নির্ধারণ করতে হবে। জন্মস্থান টাইপ করে দিতে হবে।এরপর শ্রেণি/পর্ব প্রযোজ্য ক্ষেত্রে পরিবর্তন করে টেকনোলজি সিলেক্ট করে সংরক্ষণ করতে হবে।

**শিক্ষার্থী সক্রিয় বা নিষ্ক্রিয়করণঃ**

১. যে সকল শিক্ষার্থী চলমান উপবৃত্তি পাবে না অথবা যাদের আর উপবৃত্তি পাওয়ার সম্ভাবনা নেই (এসএসসি পরীক্ষার্থী , এইচএসসি পরীক্ষার্থী, বা ৮ম পর্বের পরীক্ষার্থী যাদের সকল পাওনা পরিশোধ হয়েছে) সে সকল ক্ষেত্রে শিক্ষার্থীকে নিষ্ক্রিয় করতে হবে। এ জন্য বেনিফিসিয়ারি স্ট্যাটাস আপডেটে গিয়ে শিক্ষার্থী DTE Stipend MIS ID এর মাধ্যমে খুঁজে নামের একেবারে ডান পাশে Edit চিহ্নে ক্লিক করে সক্রিয় থেকে নিষ্ক্রিয় সিলেক্ট করলে নিষ্ক্রিয়তার মন্তব্য হিসেবে NA লিখতে এবং নিষ্ক্রিয়তার কারণ ড্রপ ডাউন বক্স থেকে সিলেক্ট করে আপডেটে ক্লিক করতে হবে।

২. যে সকল শিক্ষার্থী পূর্বে উপবৃত্তি না পাবার কারনে নিষ্ক্রিয় ছিলো তারা যদি চলমান সাইকেলে উপবৃত্তির যোগ্য হয় বেনিফিসিয়ারি স্ট্যাটাস আপডেটে গিয়ে শিক্ষার্থী DTE Stipend MIS ID এর মাধ্যমে খুঁজে নামের একেবারে ডান পাশে Edit চিহ্নে ক্লিক করে নিষ্ক্রিয় থেকে সক্রিয় করতে হবে। এক্ষেত্রে শুধুমাত্র সক্রিয় করে আপডেটে ক্লিক করতে হবে।

**শিক্ষার্থী ট্রান্সফারঃ**

১. নতুন শিক্ষার্থী এন্ট্রি করতে গেলে জন্ম নিবন্ধন ভেরিফাই করতে গেলে যদি Already Exist বলে ম্যাসেজ দেয় তাহলে বুঝতে হবে ঐ শিক্ষার্থী অন্য কোনো কারিগরি প্রতিষ্ঠানে উপবৃত্তির তালিকাভুক্ত আছে। এক্ষেত্রে ঐ প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে শিক্ষার্থী DTE Stipend MIS ID ট্রান্সফারের ব্যবস্থা নিতে হবে।

২. এজন্য বেনিফিসিয়ারি মেন্যুর অধীন ট্রান্সফার এ ক্লিক করলে শিক্ষার্থী তালিকা দেখা যাবে। এরপর শিক্ষার্থীর DTE Stipend MIS ID দিয়ে খুঁজে শিক্ষার্থীর নামের পাশে চোখ চিহ্নিত অংশে ক্লিক করলে ট্রান্সফারের স্ক্রিন আসবে। এরপর বিভাগ, জেলা উপজেলা,বদলীকৃত শিক্ষা প্রতিষ্ঠান,শ্রেনি/পর্ব,ট্রেড/টেকনোলজি, শিফট সিলেক্ট করে,রোল নং এন্ট্রি করে "প্রতিষ্ঠান বদলে" ক্লিক করতে হবে। এরপর যে প্রতিষ্ঠানে বদলী হবে সে প্রতিষ্ঠানের প্রধান শিক্ষার্থী তথ্য আপডেট করে নিবে।


**আঞ্চলিক অফিসে প্রেরণঃ**

১. যে সকল শিক্ষার্থী নতুন এন্ট্রি হয়েছে তাদের তালিকা প্রাথমিক নির্বাচন মেন্যুর অধীন আঞ্চলিক অফিসে জমাদান সাবমেন্যুতে দেখা যাবে। এই তালিকা "খোঁজার নীতিমালায়" ক্লিক করে বিভাগ,জেলা, উপজেলা, প্রতিষ্ঠান ও শ্রেনি নির্বাচন করে "খুঁজুনে" ক্লিক করলে শ্রেণিভিত্তিক তালিকা দেখা যাবে। খেয়াল রাখতে হবে আঞ্চলিক অফিসে প্রেরণের জন্য শ্রেণিভিত্তিক তালিকা থেকে কোনো ভাবেই প্রতিষ্ঠান কন ফিগারেশনে 'শিক্ষার্থী তথ্য" এ উল্লেখিত মোট এন্ট্রিযোগ্য শিক্ষার্থী থেকে বেশি শিক্ষার্থী সিলেক্ট করা যাবে না। মোট এন্ট্রিযোগ্য শিক্ষার্থী এর সমপরিমান অথবা কম পরিমান শিক্ষার্থী সিলেক্ট করার জন্য ।আঞ্চলিক অফিসে প্রেরণের জন্য শ্রেণিভিত্তিক তালিকায় প্রত্যেক শিক্ষার্থীর নামের পাশে একটি ফাঁকা বক্স চিহ্নিত আছে যেখানে ক্লিক করলে তা সিলেক্ট হবে। এভাবে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষার্থী সিলেক্ট করে স্ক্রিনের উপরের ডান পাশে :আঞ্চলিক অফিসে জমাদান" বাটনে ক্লিক করতে হবে।তখন কতটি ডাটা সিলেকশন করা হয়েছে প্রেরণ করার জন্য তা দেখাবে একই সাথে একটি YES/NO অপশন আসবে। YES বাটনে ক্লিক করলে শিক্ষার্থী ডাটা আঞ্চলিক অফিসে প্রেরিত হবে। আর প্রেরণ না করতে চাইলে NO বাটনে ক্লিক করতে হবে।

২. আঞ্চলিক অফিসে জমা হয়েছে কিনা তা দেখার জন্য "চূড়ান্ত নির্বাচন" মেন্যুর অধীন "আঞ্চলিক অফিস অনুমোদন" সাব মেন্যুতে ক্লিক করে খোঁজার নীতিমালাতে ক্লিক করে বিভাগ, জেলা, উপজেলা, প্রতিষ্ঠান, শ্রেণি/পর্ব নির্বাচন করে "খুজুন" বাটনে ক্লিক করলে আঞ্চলিক অফিসে প্রেরিত শ্রেণিভিত্তিক তালিকা দেখতে পাওয়া যাবে। তালিকায় প্রত্যেকের নামের পাশে "Regional office Approval Pending" Status Show করবে।


**DTE Stipend MIS-এর পাসওয়ার্ড ভুলে গেলে করণীয়:**

ক। https://dte.finance.gov.bd/dte/login ঠিকানায় গেলে নিচের মত স্ক্রিন দেখা যাবে।



খ। পাসওয়ার্ড ভুলে গেছেন?

https://dte.finance.gov.bd/dte/forgotPassword লিঙ্কে ক্লিক করলে নিচের মত স্ক্রিন দেখা যাবে।




গ। আপনার ৬ ডিজিটের ইউজারনেম এবং নতুন পাসওয়ার্ড লিখে 'ওটিপি পাঠান' বাটুনে ক্লিক করলে অধ্যক্ষের মোবাইল নম্বরে ওটিপি পাওয়া যাবে।

ঘ। প্রাপ্ত ওটিপি লিখে রেখে সংরক্ষণ বাটুনে ক্লিক করলেই নতুন পাসওয়ার্ড সেট হয়ে যাবে।

২। অত্র গাইড লাইনটি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারী করা হলো।

১০/১১/২০২০

(প্রকৌ. শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
ভারপ্রাপ্ত কর্মকর্তা(উপবৃত্তি)
(অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

অবগতি প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর,ঢাকা-১২০৭;
২। পরিচালক(পিআইডব্লিউ)/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশাসন/ পিআইইউ/ভোকেশনাল), কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান;
৩। পরিচালক,আঞ্চলিক পরিচালকের কার্যালয় , কারিগরি শিক্ষা অধিদপ্তর, সকল বিভাগ;
৪। DTE Stipend MIS এ অন্তর্ভুক্ত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান;
৫। সিস্টেম অ্যানালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, (গাইড লাইনটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর (গাইড লাইনটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ);
৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
৮। সংরক্ষণ নথি।

এই স্মারক ও তারিখের বিকল্প অনুলিপি
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০৫.২৫-৩১৬

তারিখ : ২৯ অক্টোবর, ২০২৫ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরের উপবৃত্তি প্রদানের নিমিত্ত নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট প্রসঙ্গে।**

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত চার বছর মেয়াদী ডিপ্লোমা (১ম, ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্ব), এইচএসসি (ভোকেশনাল)-একাদশ ও দ্বাদশ শ্রেণি, এইচএসসি (বিএমটি) একাদশ ও দ্বাদশ, এসএসসি (ভোকেশনাল)/দাখিল(ভোকেশনাল) - নবম ও দশম শ্রেণি শিক্ষাক্রম পরিচালনাকারী সকল সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান এবং প্রি-ভোকেশনাল (৬ষ্ঠ - ৮ম শ্রেণি) শিক্ষাক্রম পরিচালনাকারী সকল সরকারি বেসরকারি প্রতিষ্ঠানে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ ক্রয় সহায়তা প্রদান কার্যক্রমের 'কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা' ,২০২৩ এর আলোকে নতুন শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীদের তথ্য আপডেট নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে | নির্দেশনা |
|---|---|---|---|
| ০১ | প্রি-ভোকেশনাল ৬ষ্ঠ শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৫ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/ চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) ভর্তির সন/সেশন ২০২৫ নির্বাচন করতে হবে;<br>(গ) বিগত জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে তাদের ডাটা এন্ট্রি করতে হবে;<br>(ঙ) পূর্বে কখনই উপবৃত্তি পায়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে তাদের ডাটা নতুন করে এন্ট্রি করতে হবে। |
| ০২ | প্রি-ভোকেশনাল ৭ম শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৫ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/ চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণিতে/নতুন ভর্তি হয়ে ক্লাস শুরু করেছে সে বছরকে নির্ধারণ করতে হবে। নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে যে বছর ক্লাস শুরু করেছে সে বছরকে নির্ধারণ করতে হবে;<br>(গ) বিগত জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;<br>(ঘ) পূর্বে ডাটা এন্ট্রি হয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য যোগ্যতা অর্জন করেছে তাদের Beneficiary Status-এ ঢুকে স্ট্যাটাস সক্রিয় (Active) করে দিতে হবে এবং শ্রেণি ৭ম নির্ধারণ করতে হবে। |

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে | নির্দেশনা |
|---|---|---|---|
| | | | (ঙ) পূর্বে কখনই উপবৃত্তি পায়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে তাদের ডাটা নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(চ) ৬ষ্ঠ শ্রেণিতে উপবৃত্তি পেয়েছিলো ৭ম শ্রেণিতে উপবৃত্তি পায়নি এমন শিক্ষার্থী যদি বর্তমান মেয়াদে উপবৃত্তি প্রাপ্তির যোগ্য হয় তবে, শ্রেণি ৬ষ্ঠ থেকে ৭ম এ আপডেট ও সক্রিয় করতে হবে। |
| ০৩ | প্রি-ভোকেশনাল ৮ম শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৫ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/ চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) ভর্তির সন/সেশন-যে বছর থেকে ঐ প্রতিষ্ঠানে ৬ষ্ঠ শ্রেণিতে/নতুন ভর্তি হয়ে ক্লাস শুরু করেছে সে বছরকে নির্ধারণ করতে হবে। নতুন ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্ষেত্রে যে বছর ক্লাস শুরু করেছে সে বছরকে নির্ধারণ করতে হবে;<br>(গ) বিগত জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;<br>(ঘ) পূর্বে ডাটা এন্ট্রি হয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য যোগ্যতা অর্জন করেছে তাদের Beneficiary Status-এ ঢুকে স্ট্যাটাস সক্রিয় (Active) করে দিতে হবে এবং শ্রেণি ৮ম নির্ধারণ করতে হবে।<br>(ঙ) পূর্বে কখনই উপবৃত্তি পায়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে তাদের ডাটা নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(চ) ৭ম শ্রেণিতে উপবৃত্তি পেয়েছিলো ৮ম শ্রেণিতে উপবৃত্তি পায়নি এমন শিক্ষার্থী যদি বর্তমান মেয়াদে উপবৃত্তি প্রাপ্তির যোগ্য হয় তবে, শ্রেণি ৭ম থেকে ৮ম এ আপডেট ও সক্রিয় করতে হবে। |
| ০৪ | এসএসসি (ভোকেশনাল) /দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৫ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) পূর্বে কখনই উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে এবং উপবৃত্তির জন্য জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই শ্রেণি ৯ম নির্বাচন করতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হবে না এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;<br>(ঙ) পূর্বে ৮ম শ্রেণিতে অন্য কোনো কারিগরি প্রতিষ্ঠান হতে উপবৃত্তি পেয়ে থাকলে সেই প্রতিষ্ঠান হতে DTE Stipend MIS-এর মাধ্যমে শিক্ষার্থী আইডি ট্রান্সফার করে আনতে হবে এবং তথ্য আপডেট করতে হবে;<br>(চ) পূর্বে ডাটা এন্ট্রি হয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য যোগ্যতা অর্জন করেছে তাদের Beneficiary Status-এ ঢুকে স্ট্যাটাস সক্রিয় (Active) করে দিতে হবে এবং শ্রেণি ৯ম নির্ধারণ করতে হবে;<br>(ছ) ভর্তির সন/সেশন-যে বছর থেকে নবম শ্রেণিতে ক্লাস শুরু হয়েছে সে বছরকে নির্ধারণ করতে হবে। |
| ০৫ | এসএসসি (ভোকেশনাল) | জুলাই-ডিসেম্বর, ২০২৫ | (ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে; |

| ক্রমিক নং | পর্ব/শ্রেণি | যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে | নির্দেশনা |
|---|---|---|---|
| | /দাখিল (ভোকেশনাল) দশম শ্রেণি | | (খ) পূর্বে কখনই উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে এবং উপবৃত্তির জন্য জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই শ্রেণি ১০ম নির্বাচন করতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচিত হবে না এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;<br>(ঙ) পূর্বে ডাটা এন্ট্রি হয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের অত্র শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য যোগ্যতা অর্জন করেছে তাদের Beneficiary Status-এ ঢুকে স্ট্যাটাস সক্রিয় (Active) করে দিতে হবে এবং শ্রেণি ১০ম নির্ধারণ করতে হবে;<br>(চ)ভর্তির সন/সেশন-যে বছর থেকে নবম শ্রেণিতে ক্লাস শুরু হয়েছে সে বছরকে নির্ধারণ করতে হবে। |
| ০৬ | এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৫ | (ক) এসএসসি'র ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) সকল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ থেকে যারা এসএসসি (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ হয়ে পুনরায় একই প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে (তারা যদি উপবৃত্তি প্রাপ্তির যোগ্য হয়) তাদের ক্ষেত্রে শ্রেণি ১০ম থেকে একাদশ শ্রেণিতে আপডেট করতে হবে;<br>(গ) পূর্বে দশম শ্রেণিতে অন্য কোনো কারিগরি প্রতিষ্ঠান হতে উপবৃত্তি পেয়ে থাকলে সেই প্রতিষ্ঠান হতে DTE Stipend MIS-এর মাধ্যমে শিক্ষার্থী আইডি ট্রান্সফার করে আনতে হবে এবং তথ্য আপডেট করতে হবে;<br>(ঘ) পূর্বে কখনই উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে। |
| ০৭ | এইচএসসি (ভোকেশনাল) দ্বাদশ শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৫ | ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) পূর্বে কখনই উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই শ্রেণি দ্বাদশ নির্বাচন করতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের একাদশ শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হবে না এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;<br>(ঙ) ভর্তির সন/সেশন-যে বছরে একাদশ ভর্তি হয়েছে সে বছরকে নির্ধারণ করতে হবে। |
| ০৮ | এইচএসসি (বিএমটি) একাদশ শ্রেণি | জুলাই-ডিসেম্বর, ২০২৫ | (ক) এসএসসি'র ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) পূর্বে দশম শ্রেণিতে অন্য কোনো কারিগরি প্রতিষ্ঠান হতে উপবৃত্তি পেয়ে থাকলে সেই প্রতিষ্ঠান হতে DTE Stipend MIS-এর মাধ্যমে শিক্ষার্থী আইডি ট্রান্সফার করে আনতে হবে এবং তথ্য আপডেট করতে হবে; |

<table>
<tr><th>ক্রমিক নং</th><th>পর্ব/শ্রেণি</th><th>যে মেয়াদের জন্য ডাটা এন্ট্রি করতে হবে</th><th>নির্দেশনা</th></tr>
<tr><td></td><td></td><td></td><td>(গ) পূর্বে কখনই উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে।<br>(ঘ) ভর্তির সন/সেশন-যে বছরে একাদশ ভর্তি হয়েছে সে বছরকে নির্ধারণ করতে হবে।</td></tr>
<tr><td>০৯</td><td>এইচএসসি (বিএমটি) দ্বাদশ শ্রেণি</td><td>জুলাই-ডিসেম্বর, ২০২৫</td><td>ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) পূর্বে কখনই উপবৃত্তির জন্য বিবেচিত হয়নি কিন্তু বর্তমান মেয়াদে যদি উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য হয় তবে এমন শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে এন্ট্রি করতে হবে;<br>(গ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হবে এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই শ্রেণি দ্বাদশ নির্বাচন করতে হবে;<br>(ঘ) বিগত জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে যাদের একাদশ শ্রেণিতে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হবে না এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;<br>(ঙ) ভর্তির সন/সেশন-যে বছরে একাদশ ভর্তি হয়েছে সে বছরকে নির্ধারণ করতে হবে।</td></tr>
<tr><td>১০</td><td>ডিপ্লোমা ১ম পর্ব (২০২৫-২৬ শিক্ষাবর্ষ)</td><td>জুলাই-ডিসেম্বর, ২০২৫</td><td>(ক) পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) পূর্বে দশম শ্রেণিতে অন্য কোনো কারিগরি প্রতিষ্ঠান হতে উপবৃত্তি পেয়ে থাকলে সেই প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করে DTE Stipend MIS-এর মাধ্যমে শিক্ষার্থী আইডি ট্রান্সফার করে আনতে হবে এবং তথ্য আপডেট করতে হবে;<br>(গ) যারা পূর্বে কখনই কারিগরি উপবৃত্তি পায়নি তাদের DTE Stipend MIS-এর মাধ্যমে ডাটা এন্ট্রি করতে হবে;<br>(ঘ) ভর্তির সন/সেশন-যে বছরে ১ম পর্বে ভর্তি হয়েছে সে বছরকে নির্ধারণ করতে হবে।</td></tr>
<tr><td>১১</td><td>ডিপ্লোমা ২য় পর্ব (২০২৪-২৫ শিক্ষাবর্ষ)</td><td>জানুয়ারি-জুন, ২০২৫</td><td rowspan="4">(ক) পূর্ববর্তী পর্বের ফলাফলের ভিত্তিতে এবং সেমিস্টার ফাইনাল শুরু হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;<br>(খ) জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে প্রথমবারের মতো উপবৃত্তি প্রাপ্তিরযোগ্য শিক্ষার্থীদের তথ্য DTE Stipend MIS -এ নতুন করে ডাটা এন্ট্রি করতে হবে;<br>(গ) উপবৃত্তির জন্য বিবেচিত শিক্ষার্থীদের পূর্বে এন্ট্রিকৃত তথ্যের শ্রেণি ১ম, ৩য়, ৫ম ও ৭ম পর্ব থেকে যথাক্রমে ডিপ্লোমা ২য়, ৪র্থ, ৬ষ্ঠ ও ৮ম পর্বে আপডেট করতে হবে এবং সক্রিয় রাখতে হবে;<br>(ঘ) যদি DTE Stipend MIS -এ শিক্ষার্থীর তথ্য পূর্বে এন্ট্রি হয়ে থাকে কিন্তু জুলাই-ডিসেম্বর,২০২৪ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়নি অথচ জানুয়ারি-জুন, ২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা করা হবে, এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করে দিতে হবে, সে ক্ষেত্রে অবশ্যই পর্ব যথাক্রমে ২য়, ৪র্থ, ৬ষ্ঠ অথবা ৮ম নির্বাচন করতে হবে;<br>(ঙ) বিগত জুলাই-ডিসেম্বর,২০২৪ মেয়াদে যাদের উপবৃত্তির জন্য বিবেচনা করা হয়েছিলো কিন্তু জানুয়ারি-জুন,২০২৫ মেয়াদে উপবৃত্তির জন্য বিবেচনা হবে না, এরূপ শিক্ষার্থীর ক্ষেত্রে তাদের Beneficiary Status-এ ঢুকে নিষ্ক্রিয় (Inactive) করে দিতে হবে;<br>(চ) কোনো শিক্ষার্থী অন্য প্রতিষ্ঠানে বদলী হয়ে গেলে ঐ শিক্ষার্থীর তথ্য DTE Stipend MIS-এর মাধ্যমে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের আইডিতে প্রেরণ করে প্রতিষ্ঠানকে অবহিত করতে হবে।</td></tr>
<tr><td>১২</td><td>ডিপ্লোমা ৪র্থ পর্ব (২০২৩-২৪ শিক্ষাবর্ষ)</td><td>জানুয়ারি-জুন, ২০২৫</td></tr>
<tr><td>১৩</td><td>ডিপ্লোমা ৬ষ্ঠ পর্ব (২০২২-২৩ শিক্ষাবর্ষ)</td><td>জানুয়ারি-জুন, ২০২৫</td></tr>
<tr><td>১৪</td><td>ডিপ্লোমা ৮ম পর্ব (২০২১-২২ শিক্ষাবর্ষ)</td><td>জানুয়ারি-জুন, ২০২৫</td></tr>
</table>

২। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে যে সকল শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে প্রতিপালন করতে হবে:

ক) গড়ে কমপক্ষে ৪০% নম্বর পেয়ে সকল বিষয়ে উত্তীর্ণ হয়ে বর্তমানে নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যায়নরত থাকতে হবে। রেফার্ডপ্রাপ্ত শিক্ষার্থীদের বিবেচনায় নেওয়া যাবে না তবে পূর্বের অন্য পর্বে রেফার্ড প্রাপ্ত হলেও চলমান পর্বের অব্যহতি পূর্ব পর্বে সকল বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা উপবৃত্তির আওতায় আসবে (শিক্ষার্থীর উপবৃত্তি আবেদনের সাথে সত্যায়িত মার্কসীট জমা নিতে হবে) ;

খ) হাজিরা কমপক্ষে ৭০% থাকতে হবে(শ্রেণি শিক্ষক/ বিভাগীয় প্রধানগন হাজিরার হার উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে সংযুক্ত থাকবে);

গ) অভিভাবকের আয় মাসিক অনধিক ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা হতে হবে (সরকারি চাকুরীজীবিদের ক্ষেত্রে iBAS++ এর স্যালারী সিট এর অনুলিপি, বেসরকারি চাকুরীজীবিদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানদের প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে ওয়ার্ড বা ইউনিয়ন কাউন্সিলদের নিকট থেকে আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে সংযুক্ত থাকবে );

ঘ) ২ এর ক,খ,ও গ এ উল্লেখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে শতকরা ১০০ ভাগ শিক্ষার্থী উপবৃত্তির জন্য বিবেচিত হবে।

৩। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থী বাছাইয়ে অনুসরণীয় ধাপসমূহ:

ক) শিক্ষাবর্ষের শুরুতেই সকল নিয়মিত শিক্ষার্থীর নিকট থেকে আবেদন আহ্বান করে প্রতিষ্ঠান প্রধান বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে;

খ) সকল শিক্ষার্থীর মাঝে SAF বিতরন করতে হবে এবং প্রয়োজনীয় ডকুমেন্টসহ SAF জমা নিশ্চিত করতে হবে;

(গ) বিজ্ঞপ্তি প্রকাশের পর হাজিরা সংক্রান্ত প্রত্যয়ন এবং ফলাফল সিট (প্রযোজ্য ক্ষেত্রে) SAF এর সাথে সংযুক্ত করতে হবে;

ঘ) প্রতিষ্ঠান প্রধান সকল বিভাগীয় প্রধানদের নিয়ে সভা করে যোগ্য শিক্ষার্থী বাছাইয়ের প্রক্রিয়া বুঝিয়ে দিবেন এবং শিক্ষকদের মধ্যে দায়িত্ব বন্টন করতে হবে;

গ) বিভাগীয় প্রধানগণ তালিকা প্রস্তুত করে অধ্যক্ষের নিকট জমা প্রদানের ব্যবস্থা নিবেন;

ঘ) প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠান ভিত্তিক বাছাই কমিটির মাধ্যমে তালিকা অনুমোদন করে (কমিটির সকল সদস্যের স্বাক্ষরসহ) MIS ID (যাদের এন্ট্রি পূর্বে সম্পন্ন হয়েছে) ,পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার ও হাজিরার শতকরা হারসহ প্রকাশ করতে হবে, তালিকায় কোনো প্রকার অসঙ্গতি থাকলে প্রতিষ্ঠান ভিত্তিক বাছাই কমিটির সদস্যগণ দায়ী থাকবেন;

(ঙ) ডাটা এন্ট্রির পর পুনরায় MIS ID সহ সকল উপবৃত্তি প্রাপ্ত শিক্ষার্থীর তালিকা প্রকাশ করতে হবে;

(চ) শর্তপূরণকারী সকল শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদ (নাম বাংলা ও ইংরেজিতে ডিজিটালি ভ্যারিফাইড), পিতা, মাতা বা অভিভাবকের জাতীয় পরিচয় পত্র ভ্যারিফাইড, মোবাইল ফাইন্যান্স অ্যাকাউন্ট KYC (Know your Customer) ভ্যারিফাইড এবং সক্রিয় হতে হবে;

(ছ) দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ শিক্ষার্থী কর্তৃক পূরণকৃত সকল তথ্য জমাকৃত ডকুমেন্টের সাথে মিলিয়ে দেখে সংশোধনের ব্যবস্থা নিয়ে SAF (Student Application Form)- এ " এই ফর্মের সকল তথ্য আমার দ্বারা পূরণ করা হয়েছে এবং পূরণকৃত তথ্য সঠিক আছে।" মর্মে প্রত্যয়ন নিয়ে স্বাক্ষর করাতে হবে;

জ) যারা ইতোপূর্বে উপবৃত্তি পেয়েছে এ সকল শিক্ষার্থীদের ক্ষেত্রেও তাদের পূর্বে পুরণকৃত SAF( Student Application Form)- এ " এই ফর্মের সকল তথ্য আমার দ্বারা পূরণ করা হয়েছে এবং পূরণকৃত তথ্য সঠিক আছে।" মর্মে প্রত্যয়ন নিয়ে চলমান তারিখে স্বাক্ষর করাতে হবে একইসাথে বিভাগীয় প্রধান ও প্রতিষ্ঠান প্রধান স্বাক্ষর করবেন অর্থ্যাৎ যতবার শিক্ষার্থী উপবৃত্তি পাবে ততবার সকলের স্বাক্ষর নিতে হবে প্রয়োজনে SAF (Student Application Form) কাস্টমাইজড করে নিতে হবে ;

ঝ) দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ SAF ও প্রয়োজনীয় ডকুমেন্ট বিভাগীয় প্রধানের স্বাক্ষরসহ প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন;

ঞ) প্রতিষ্ঠান প্রধান অনুমোদিত শিক্ষার্থীর তালিকা (আইডি, শিক্ষার্থীর নাম, শ্রেণি/পর্ব, ট্রেড/টেকনোলজী, হাজিরার শতকরা হার, ফলাফল, অভিভাবকের আয় উল্লেখ করে) কমিটির সকল সদস্যের স্বাক্ষর সহ নোটিশ বোর্ডে প্রদানের ব্যবস্থা নিবেন;

ট) প্রতিষ্ঠান প্রধান নির্ধারিত শিক্ষকের মাধ্যমে ডাটা এন্ট্রির ব্যবস্থা নিবেন;

ঠ) ডাটা এন্ট্রি সম্পন্ন হলে নতুন এন্ট্রিকৃত শিক্ষার্থীদের আইডিসহ তালিকা নোটিশ বোর্ডে প্রদানের ব্যবস্থা নিবেন;

ড) যে সকল শিক্ষার্থী উপবৃত্তি পাওয়ার যোগ্যতা অর্জন করেনি তাদের তালিকাও কারণসহ নোটিশ বোর্ডে প্রদানের ব্যবস্থা নিবেন;

ঢ) ডাটা এন্ট্রির পূর্বে অবশ্যই প্রতিষ্ঠান কনফিগারেশনের অধীন শিক্ষার্থী তথ্য আপডেট করতে হবে অন্যথায় উপবৃত্তি প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;

ণ) শিক্ষার্থীদের সকল ডকুমেন্ট অডিট সম্পন্ন না হওয়া অবধি সংরক্ষণ করতে হবে;

ত) ডাটা এন্ট্রি সংক্রান্ত ভুলভ্রান্তির জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;

থ) নতুন এন্ট্রিকৃত এ সকল ডাটা সংশ্লিষ্ট RDO অফিসে DTE Stipend MIS এর মাধ্যমে প্রেরণ করতে হবে।

৪। শিক্ষার্থীদের ব্যাংক/মোবাইল অ্যাকাউন্ট নাম্বার প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণীয়:

(ক) অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে;

(খ) একই অ্যাকাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;

(গ) মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে কর্তৃক অ্যাকাউন্ট নম্বর ব্লক আছে কিনা তা যাচাইপূর্বক সচল করার জন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে হবে এবং মোবাইল অ্যাকাউন্ট KYC (Know your Customer) ভ্যারিফাই করিয়ে নিতে হবে;

(ঘ) যে সময়ে EFT-এর মাধ্যমে অ্যাকাউন্ট-এ অর্থ বিতরণ করা হবে ঐ সময়ে অ্যাকাউন্ট-এ কোন সমস্যা যাতে না থাকে তা নিশ্চিত করতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

৫। বিভাগীয় আঞ্চলিক কার্যালয়ের প্রতি বিশেষ নির্দেশনা:
ক) শিক্ষা প্রতিষ্ঠান হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কারিকুলাম সংশ্লিষ্ট শিক্ষার্থী তথ্য প্রেরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে। কারিকুলাম বহির্ভূত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Configuration এ শিক্ষার্থী তথ্য অংশের মাধ্যমে এ বিষয়ে নিশ্চিত হওয়া যাবে;
খ) শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রেরিত শিক্ষার্থী সংখ্যার সাথে Configuration এ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যার সামঞ্জস্যতা যাচাই করতে হবে। অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে এবং

গ) ''কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা ,২০২৩ অনুচ্ছেদ ০৯ এ উল্লেখিত 'আঞ্চলিক কমিটি' কর্তৃক গৃহীত রেজুলেশনের একটি অনুলিপি আবশ্যিকভাবে stipend.dte@gmail.com এ প্রেরণ করতে হবে।

৬। প্রতিষ্ঠান প্রধানগণ আগামী ০১/১১/২০২২৫ খ্রি. হতে ০৯/১১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে উপবৃত্তি প্রাপ্তির যোগ্য শিক্ষার্থীদের তালিকা প্রস্তুত, বাছাই কমিটির মিটিং সম্পন্ন এবং অনুমোদিত তালিকা রেজুলেশন সহ সংশ্লিষ্ট আঞ্চলিক অফিসে বাধ্যতামূলকভাবে জমাদান করতে হবে, অন্যথায় উপবৃত্তি সংক্রান্ত জটিলতার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন;

৭। প্রতিষ্ঠান কর্তৃক https://dte.finance.gov.bd লিংকে প্রবেশ করে ইউজার আইডি ও পাসওয়ার্ড এর মাধ্যমে উল্লিখিত শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি/আপডেট আগামী ১০/১১/২০২৫ খ্রি. থেকে ৩০/১১/২০২৫ খ্রি.তারিখের মধ্যে নির্ভুলভাবে সম্পন্ন করতে হবে।

৮। প্রতিষ্ঠান থেকে প্রেরিত তথ্য আঞ্চলিক পরিচালকের কার্যালয় কর্তৃক যাচাই-বাছাই করে আগামী ১০/১২/২০২৫ খ্রি. তারিখ বিকাল ৫:০০ ঘটিকার মধ্যে DTE Stipend MIS এর মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০/১০/২০২৫

(প্রকৌ. শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল)
( অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ
কারিগরি শিক্ষা অধিদপ্তর।

**অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

১। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন/ পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭;
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর (উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের ডাটা এন্ট্রি কার্যক্রম মনিটরিং করার অনুরোধ সহ);
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। প্রোগ্রাম এক্সিকিউটিভ অ্যান্ড কো-অর্ডিনেটর, BACS & iBAS++ স্কিম, আইইবি ভবন (৫ম তলা), রমনা, ঢাকা ;
৬। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট ;
৭। অধ্যক্ষ (সকল), সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ ;
৮। অধ্যক্ষ(সকল), এটিআই;
৯। সিস্টেম অ্যানালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা(বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০। সুপারিনটেন্ডেন্ট (সকল), টিভিআই;
১১। অধ্যক্ষ (সকল), বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট/কৃষি কলেজ ;
১২। অধ্যক্ষ (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র বিএমটি কলেজ;
১৩। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ভোকেশনাল স্কুল;
১৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর। (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১৫। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
১৬। সংশ্লিষ্ট নথি।